

খুকি ও কাঠবেড়ালি

কাজী নজরুল ইসলাম

কাঠবেড়ালি! কাঠবেড়ালি! পেয়ারা তুমি খাও?
গুড়-মুড়ি খাও? দুধ-ভাত খাও? বাতাবি নেবু? লাউ?
বেড়াল-বাচ্চা? কুকুর ছানা? তাও—

ডাইনি তুমি হোঁৎকা পেটুক,
খাও একা পাও যেথায় যেটুক।
বাতাবি-নেবু সকলগুলো
একলা খেলে ডুবিয়ে নুলো!

কচিমুখের আবৃত্তির ছড়া

তবে যে ভারী ল্যাজ উঁচিয়ে পুটুস্ পাটুস্ চাও?
ছোঁচা তুমি! তোমার সঙ্গে আড়ি আমার! যাও!

কাঠবেড়ালি! বাঁদরমুখি! মারবো ছুঁড়ে কিল?
দেখি তবে? রাঘাদাকৈ ডাকবো? দেবে টিল!

পেয়ারা দেবে? যা তুই ওঁচা!
তাইতো তার নাকটি বোঁচা!
হুত্মো-চোখি! গাপুস্-গুপুস্!
একলাই খাও হাপুস্ হুপুস্!

পেটে তোমার পিলে হবে! কুড়ি-কুন্ডি মুখে!
হেই ভগবান! একটা পোক! যাস্ পেটে ওর ঢুকে!

ইস্! খেয়োনা মস্তপানা ঐ সে পাকাটাও!
আমিও খুবই পেয়ারা খাই যে! একটি আমায় দাও!
কাঠবেড়ালি! তুমি আমার ছোড়দি' হবে? বৌদি হবে? হুঁ,
রাষ্টা দিদি? তবে একটা পেয়ারা দাও না! উঃ!

এ রাম! তুমি ন্যাংটা পুঁটো?
ফুক্টা নেবে? জামা দুটো?
আর খেয়ো না পেয়ারা তবে,
বাতাবি নেবুও ছাড়তে হবে!

দাঁত দেখিয়ে দিচ্ছে যে ছুট? অ'মা দেখে যাও!—
কাঠবেড়ালি! তুমি মর! তুমি কচু খাও!!